

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।  
Website: www.natpdl.gov.bd | Email: directornatpdl@yahoo.com

স্মারক নং : ৩৩.০১.০০০০.৭০৫.০৫.০৫.১৭-৩০১

তারিখ : ২৫/০৩/২০১৯ খ্রীঃ

প্রাপক,

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ৫৭ টি জেলা।
- ২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ২৭০ টি উপজেলা।

বিষয় : এনএটিপি-২, প্রাণিসম্পদ অংগের অনুষ্ঠিতব্য ২০১৮-২০১৯ অর্থ বৎসর এর রিজিওনাল প্রোগ্রাম রিভিউ কর্মশালার সম্ভাব্য সময়সূচী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী এপ্রিল ২০১৯ থেকে প্রত্যেক বিভাগে এনএটিপি-২, প্রাণিসম্পদ অংগের ২০১৮-২০১৯ অর্থ বৎসরে রিজিওনাল প্রোগ্রাম রিভিউ কর্মশালা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত কর্মশালায় ২০১৮-২০১৯ অর্থ বৎসর এবং প্রকল্পের শুরু থেকে এপ্রিল ২০১৯ পর্যন্ত মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রকল্প কার্যক্রমের ক্রমপুঞ্জিত অগ্রগতি পর্যালোচনা করা হবে। কর্মশালা সূষ্ঠা পরিচালনার নিমিত্ত সংযুক্ত ছক ব্যবহার করে নিজ নিজ জেলার অন্তর্গত প্রকল্পের সকল উপজেলার তথ্যাদি সংগ্রহপূর্বক জেলা ভিত্তিক সমন্বয় প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং তা পাওয়ার পয়েন্টে উপস্থাপন করতে হবে। এ জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ সংযুক্ত ছক মোতাবেক সকল তথ্যাদি কর্মশালা শুরুর কমপক্ষে ৭ দিন পূর্বে জেলায় প্রেরণ করবেন। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ কর্মশালা শুরুর কমপক্ষে ৩ দিন পূর্বে উক্ত তথ্যাদি সমন্বয় করে পাওয়ার পয়েন্ট প্রতিবেদন প্রস্তুত করবেন এবং তা কর্মশালার দিন উপস্থাপন করবেন। কর্মশালার দিন প্রত্যেক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে নিজ নিজ উপজেলার তথ্যাদির ৪ সেট ফটোকপি এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে নিজ নিজ জেলার সমন্বিত প্রতিবেদনের ৪ সেট ফটোকপি সরবরাহ করতে হবে। কর্মশালার সম্ভাব্য তারিখ, স্থান ও কর্মশালায় যে সকল জেলা অর্ন্তভুক্ত হবে তার তালিকা নিম্নে প্রদান করা হলো :

ক্রমিক নং	বিভাগের নাম	কর্মশালার সম্ভাব্য তারিখ	কর্মশালার প্রস্তাবিত স্থান/ভেন্যু	কর্মশালায় যে সকল জেলা ও উপজেলা অন্তর্ভুক্ত হবে
১	রাজশাহী	১৬/০৪/২০১৯	RDA, বগুড়া	রাজশাহী বিভাগের প্রকল্পভুক্ত ৮টি জেলা এবং উক্ত জেলাভুক্ত প্রকল্পের ৪৯টি উপজেলা।
২	রংপুর	১৭/০৪/২০১৯	BLC, রংপুর	রংপুর বিভাগের প্রকল্পভুক্ত ৫টি জেলা এবং উক্ত জেলাভুক্ত প্রকল্পের ২০টি উপজেলা।
৩	চট্টগ্রাম	২৩/০৪/২০১৯	CVASU, চট্টগ্রাম	বি. বাড়িয়া বাদে চট্টগ্রাম বিভাগের প্রকল্পভুক্ত ১০টি জেলা ও উক্ত জেলাভুক্ত প্রকল্পের ৩৫টি উপজেলা।
৪	সিলেট	২২/০৪/২০১৯	UCEP, সিলেট	সিলেট বিভাগের প্রকল্পভুক্ত ৪টি জেলা ও বি. বাড়িয়া

ক্রমিক নং	বিভাগের নাম	কর্মশালার সম্ভাব্য তারিখ	কর্মশালার প্রস্তাবিত স্থান/ভেন্যু	কর্মশালায় যে সকল জেলা ও উপজেলা অন্তর্ভুক্ত হবে
				জেলা এবং উক্ত জেলাভুক্ত প্রকল্পের ২৪টি উপজেলা।
৫	ময়মনসিংহ	১৬/০৬/২০১৯	BFRI, ময়মনসিংহ	ময়মনসিংহ বিভাগের প্রকল্পভুক্ত ৪টি জেলা ও কিশোরগঞ্জ জেলা এবং উক্ত জেলাভুক্ত প্রকল্পের ৪০টি উপজেলা।
৬	খুলনা	১৬/০৬/২০১৯	BLC, যশোহর	খুলনা বিভাগের প্রকল্পভুক্ত ১০টি জেলা এবং উক্ত জেলাভুক্ত প্রকল্পের ৩৭টি উপজেলা।
৭	বরিশাল	১৭/০৬/২০১৯	BAPARD, কোটালিপারা, গোপালগঞ্জ	ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, পিরোজপুর ও ভোলা মোট ৭টি জেলা এবং উক্ত জেলাভুক্ত প্রকল্পের ৩২টি উপজেলা।
৮	ঢাকা	২০/০৬/২০১৯	BARC, ঢাকা	ঢাকা, গাজিপুর, নরসিংদি, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ ও টাংগাইল মোট ৭টি জেলা এবং উক্ত জেলাভুক্ত প্রকল্পের ৩৩টি উপজেলা।

উক্ত তারিখে কর্মশালাগুলো সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কর্মশালার প্রস্তাবিত স্থান/ভেন্যু প্রাপ্তির বিষয়ে সংশ্লিষ্ট সংস্থার সাথে যথাযথভাবে যোগাযোগপূর্বক তা নিশ্চিত করে যত তাড়াতাড়ি সম্ভব নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বগুড়া/রংপুর/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/যশোহর/গোপালগঞ্জ -কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা)  
পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম  
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
- ৪। অফিস কপি।